

## জনপ্রশাসন মন্ত্রণালয়

## শোক প্রস্তাব

তারিখ, ২৫ আগস্ট ২০১৫

নং ০৫.০০.০০০০.১২২.০০.১০৯.১২-২৬১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) জনাব মোঃ জামাল উদ্দিন বিশ্বাস (১১২২৩) গত ০৯-০৮-২০১৫ তারিখ রোজ রবিবার সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় দুরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত হয়ে উক্তিস্বাধীন অবস্থায় গ্রীণ লাইফ হাসপাতাল লিঃ, ঢাকায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি.....রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫২ বছর ১১ মাস ০৭ দিন।

মরহুম মোঃ জামাল উদ্দিন বিশ্বাস বিগত ০২-০৯-১৯৬২ তারিখে বরিশাল জেলার সদর উপজেলার শোলনা গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ২৬-১১-১৯৮৮ সালে সরকারি চাকরিতে যোগদান করেন এবং বিগত ০৮-১১-২০১২ তারিখে সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি পান। তিনি কর্মজীবনে একজন সৎ, দক্ষ, নিষ্ঠাবান এবং সন্মানপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি বিধবা স্ত্রী, এক পুত্র, এক কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ হতে মরহুম মোঃ জামাল উদ্দিন বিশ্বাস এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর কহের মাগফেরাত কামনা করছি এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

মোঃ আব্দুল হাকিম  
অতিরিক্ত সচিব  
(সিনিয়র সচিব এর রুটিন দায়িত্বে)।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আইন ও বিচার বিভাগ

বিচার শাখা-৭

আদেশ

তারিখ, ৩ আগস্ট ২০১৫

নং বিচার-৭/২এন-১২/২০০০-৪০৬—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৩ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সম্ভ্রান্ত

হয়ে আপনাকে (জনাব মোঃ আবু সাইদ, পিতা মোঃ আজিজুর রহমান, মাতা মোছাঃ হামিদা রহমান, গ্রাম বাটাজোর, বুড়ারপাড়, ডাকঘর বাটাজোর নতুন বাজার, উপজেলা বকশীগঞ্জ, জেলা জামালপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলার ০৩নং বাটাজোর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষষ্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

মোঃ জাহিদুল কবির  
সিনিয়র সহকারী সচিব।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

কোম্পানী-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১১ আষাঢ় ১৪২২/২৫ জুন ২০১৫

নং ১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩(অংশ)-২৭৯—সরকার এতদ্বারা ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন "টেলিযোগাযোগ অধিদপ্তর" সৃষ্টি করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফয়জুর রহমান চৌধুরী  
সচিব।